তারিখ ... 16 MAY 2017

# নটর ডেম, হলিক্রস ও সেন্ট যোসেফে ভর্তি নিজেদের নিয়মে

নিজস্ব প্রতিবেদক

এসএসসির ফলের ওপর ভিত্তি করে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সার্কুলারের কার্যকারিতা রাজধানীর তিনটি কলেজের ক্ষেত্রে ছয় মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। গতকাল সোমবার এক রিট আবেদনের ওপর প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন।

এই আদেশের ফলে মেধাতালিকার ভিত্তিতে নয়, নিজেদের নিয়ম অনুযায়ী নটর ডেম, হলিক্রস ও সেন্ট যোসেফ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থী ভর্তি করতে পারবে। একই সঙ্গে এই তিনটি কলেজের ক্ষেত্রে ফলের ভিত্তিতে শিক্ষার্থীদের ভর্তির নীতিমালা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল দিয়েছেন হাইকোর্ট।

আদালতে রিটকারীদের পক্ষে শুনানি করেন আইনজীবী রমজান আলী সিকদার ও তানিম হোসেন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো. মোখলেছুর রহমান ও সহকারী অ্যাটর্নি জেনারেল সমরেন্দ্র নাথ বিশ্বাস। পরে সমরেন্দ্র নাথ *প্রথম আলোকে*, বলেন, মেধাতালিকার ভিত্তিতে একাদশ শ্রেণিতে ভর্তির বিষয়ে ৭ মে শিক্ষা মন্ত্রণালয় নীতিমালা জারি করে। নীতিমালার কয়েকটি ধারার বৈধতা চ্যালেঞ্জ করে রাজধানীর এই তিন কলেজের অধ্যক্ষ হাইকোর্টে রিট আবেদন করেন। ওই আবেদনের ওপর প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট কলেজ তিনটির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ওই সার্কুলারের কার্যকারিতা ছয় মাসের জন্য স্থগিতের আদেশ দিয়েছেন। এর ফলে নটর ডেম, হলিক্রস ও সেন্ট যোসেফ কলেজ নিজেদের নিয়ম অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করতে পারবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে